বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক
নাসিরাবাদ, চট্টগ্রাম।

স্মারক নং-২৬.০৯.০০০০.১০৪.৯৯.০০৬.১৮ – ৪৬৮(২)(৭) তারিখ: ২৪/১০/২০১৯

বিষয়: বিটিআরআই উপ-কেন্দ্র, ফটিকছড়ি, চট্টগ্রামে "আধুনিক মৃত্তিকা বিশ্লেষণ গবেষণাগার" স্থাপনের মাধ্যমে এ অঞ্চলের চা বাগানের মাটি পরীক্ষণ কার্যক্রম সেবা সহজীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেবা সহজীকরণ কার্যক্রমের আওতায় বাংলাদেশ চা বোর্ড কর্তৃক বিটিআরআই উপ-কেন্দ্র, ফটিকছড়ি, চট্টগ্রাম এ একটি "আধুনিক মৃত্তিকা বিশ্লেষণ গবেষণাগার" স্থাপন করা হয়েছে। উক্ত গবেষণাগারে বিগত ১১ আগষ্ট ২০১৯খ্রি: হতে মাটির নমুনা বিশ্লেষণ কার্যক্রম শুরু করা হয়েছে। এর ফলে চট্টগ্রাম অঞ্চলের চা বাগানসমূহ ও ক্ষুদ্র চা চাষীগণ মাটি পরীক্ষার জন্য মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলাস্থ বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটে (বিটিআরআই) না গিয়ে বিটিআরআই উপ-কেন্দ্র, ফটিকছড়ি, চট্টগ্রামে-এ মৃত্তিকা বিশ্লেষণ সংক্রান্ত সেবা গ্রহণ করতে পারবেন। সেবা গ্রহীতাদের সুবিধার্থে "প্রসেস ম্যাপ" সংযুক্ত করা হল।

০২। এমতাবস্থায়, চট্টগ্রাম অঞ্চলের চা সংক্রান্ত ও ক্ষুদ্রায়তন চা চাষিগণকে সংযুক্ত "প্রসেস ম্যাপ" অনুযায়ী চট্টগ্রামস্থ আধুনিক মৃত্তিকা বিশ্লেষণ গবেষণাগারে মাটি পরীক্ষা প্রয়োজনীয় সেবা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪/১০/১৯

মুনির আহমদ
উপ-পরিচালক(পরিকল্পনা)
বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম
ই-মেইল:btbplanning@gmail.com
ফোন: ০৩১-৬৮২৩৪৭

বিতরণ (কার্যার্থে):

১। চেয়ারম্যান
বাংলাদেশ টি এসোসিয়েশন
হাউজ নং-৪৬০, রোড নং-৩১
মহাখালী নিউ ডিওএইচএস
ঢাকা-১২০৬

২। ব্যবস্থাপক,
...................... চা বাগান
পো: ....................
উপজেলা: .................
জেলা: ..................

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলো:

১। পরিচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট,বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার (নিরিবিচ্ছিন্নভাবে কাজ অব্যাহত রাখার অনুরোধসহ)।
২। পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট,বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার (চট্টগ্রাম ভ্যালির মনিটরিং কর্মকর্তাকে এ সংক্রান্ত বিষয়ে তথ্য মনিটরিং প্রতিবেদনে সংযোজনের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৩। উপ-পরিচালক (পরিকল্পনা),বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিটিআরআই উপ-কেন্দ্র, ফটিকছড়ি, চট্টগ্রাম ( দ্রুততম সময়ের মধ্যে সেবা গ্রহীতাদের হাতে সেবা পৌছানোর অনুরোধসহ)।
৫। জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। চেয়ারম্যান মহোদয়ের সদয় নজরে আনয়নের জন্য।
৭। পিএ টু সদস্য (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় নজরে আনয়নের জন্য।

বিটিআরআই উপ-কেন্দ্র, ফটিকছড়ি চট্টগ্রাম এ "আধুনিক মৃত্তিকা বিশ্লেষণ গবেষণাগার" স্থাপনের মাধ্যমে এ অঞ্চলের চা বাগানের মাটি পরীক্ষণ কার্যক্রম সেবা সহজীকরণ।

## <u>প্রসেস ম্যাপ</u>

### <u>পূর্বের অবস্থা:</u>

চট্টগ্রাম অঞ্চলের চা বাগানসমূহ ও ক্ষুদ্র চা চাষিগণ কর্তৃক মাটির নমুনা সংগ্রহ ও মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলাস্থ বিটিআরআইতে প্রেরণ।

→

**কুরিয়ার মারফত:**
সময় ব্যয়: ৫ দিন।
খরচ: ২,০০০ টাকা।

**বাহক মারফত:**
সময় ব্যয়: ৩ দিন।
খরচ: ৫,০০০ টাকা।
ভিজিট: ২ টি।

→

পরিচালক, বিটিআরআই, শ্রীমঙ্গল কর্তৃক মাটির নমুনা গ্রহণ ও মৃত্তিকা বিজ্ঞান বিভাগে নমুনা প্রেরণ।

→

মৃত্তিকা বিজ্ঞান বিভাগ কর্তৃক মাটির নমুনা গ্রহণ, ল্যাবে নমুনা বিশ্লেষণ ও প্রতিবেদন তৈরি।

প্রতিবেদন প্রেরণ ও প্রাপ্তি: সময় ৫ দিন।

চট্টগ্রাম থেকে শ্রীমঙ্গলের দূরত্ব ও খরচ বেশি হওয়ায় চট্টগ্রামের চা বাগানগুলোর মধ্যে বিটিআরআই থেকে মাটি পরীক্ষণ সেবা গ্রহণে অনীহা দেখা যায়।

### <u>বর্তমান অবস্থা:</u>

চট্টগ্রাম অঞ্চলের চা বাগানসমূহ ও ক্ষুদ্র চা চাষিগণ কর্তৃক মাটির নমুনা সংগ্রহ ও বিটিআরআই উপ-কেন্দ্র, ফটিকছড়ি, চট্টগ্রামে প্রেরণ।

→

দূরত্ব কমে যাওয়ায় কুরিয়ারে নমুনা প্রেরনের প্রয়োজন হয় না।
**বাহক মারফত:**
সময়: সর্বোচ্চ ৫ ঘন্টা।
খরচ: ৫,০০ টাকা।
ভিজিট: ২ টি (স্বল্প দূরত্ব)

→

ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিটিআরআই ফটিকছড়ি উপকেন্দ্র কর্তৃক মাটির নমুনা গ্রহণ ও মৃত্তিকা বিজ্ঞান ল্যাবে নমুনা প্রেরণ।

→

মৃত্তিকা বিজ্ঞান ল্যাবে মাটির নমুনা বিশ্লেষণ ও প্রতিবেদন তৈরি।

প্রতিবেদন প্রেরণ ও প্রাপ্তিঃ সময় ব্যয় সর্বোচ্চ ৫ ঘন্টা।

নতুন সেবায় সময় সাশ্রয় হয় গড়ে ৮ দিন, খরচ বাঁচে ৩,০০০ টাকা। দূরত্ব কমে যাওয়ায় চট্টগ্রাম অঞ্চলের চা বাগানসমূহ ও ক্ষুদ্র চা চাষিগণ সহজেই সেবা গ্রহণে আগ্রহী হচ্ছেন।